# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬১৪

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ওয়ায-নসীহত এবং তাতে মধ্যমপন্থা অবলম্বন করার বিবরণ

---

আরবী

وَعَن أَبي وَائِلٍ شَقِيق بن سَلَمَةَ قَالَ : كَانَ ابنُ مَسْعُودٍ يُذَكِّرُنَا في كُلِّ خَمِيسٍ فَقَالَ لَهُ رَجُلٌ : يَا أَبَا عَبْدِ الرَّحْمانِ لَوَدِدْتُ أَنَّكَ ذَكَّرْتَنَا كُلَّ يَوْمٍ فَقَالَ : أَما إِنَّهُ يَمْنَعُنِي مِنْ ذَلِكَ أَنِّي أكْرَهُ أَنْ أُمِلَّكُمْ وإِنِّي أَتَخَوَّلُكُمْ بِالْمَوْعِظَةِ كَمَا كَانَ رَسُولُ اللهِ ﷺ يَتَخَوَّلُنَا بِهَا مَخافَةَ السَّآمَةِ عَلَيْنَا متفقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন,

اُدْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بالحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ

অর্থাৎ, তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহবান কর হিকমত ও সদুপদেশ দ্বারা। (সূরা নাহল ১২৫)

---

(১৬১৪) আবূ ওয়ায়েল শাক্বীক্ব ইবনে সালামা হতে বর্ণিত তিনি বলেন, ইবনে মাসঊদ (রাঃ) প্রত্যেক বৃহস্পতিবারে আমাদেরকে নসীহত শুনাতেন। একটি লোক তাঁকে নিবেদন করল, ’হে আবূ আব্দুর রহমান! আমার বাসনা এই যে, আপনি আমাদেরকে যদি প্রত্যেক দিন নসীহত শুনাতেন (তো ভাল হত)।’ তিনি বললেন, ’স্মরণে রাখবে, আমাকে এতে বাধা দিচ্ছে এই যে, আমি তোমাদেরকে বিরক্ত করতে অপছন্দ করি। আমি নসীহতের ব্যাপারে তোমাদের প্রতি ঠিক ঐভাবে লক্ষ্য রাখছি, যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বিরক্ত হবার আশংকায় উক্ত বিষয়ে আমাদের প্রতি লক্ষ্য রাখতেন।’ (অর্থাৎ মাঝে-মধ্যে বিশেষ প্রয়োজন মাফিক নসীহত শুনাতেন।)

ফুটনোট

(বুখারী ৭০, ৬৪১১, মুসলিম ৭৩০৫-৭৩০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ শাক্বীক ইবনু সালামা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন